গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
https://sundarganj.gaibandha.gov.bd/

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০২৩.০১.০০২.১৫-২২৮ তারিখ: ০৪ চৈত্র ১৪৩১ / ১৮ মার্চ ২০২৫

বিষয়: ইউনিয়ন পরিষদ সমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ ও সাইবার নিরাপত্তা জোরদারকরণ সংক্রান্ত।

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগ, স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১-১৮ তারিখ: ০৫/০২/২০২৫ খ্রিঃ।
২। মন্ত্রিপরিষদ বিভাগ, স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১-২০৫ তারিখ: ২১/০৯/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত পরিবীক্ষণ ও হালনাগাদ করতে হবে। ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে ইউপি চেয়ারম্যান, বর্তমান পরিষদ, কর্মকর্তা, ইউপি সচিব ও হিসাব সহকারীর তথ্য, উদ্যোক্তা প্রোফাইল, গ্রাম-পুলিশগনের প্রোফাইল, বাজেট, বার্ষিক ক্রয় পরিকল্পনা, প্রকল্পসমূহের তালিকা, এলজিএসপি প্রকল্প তালিকা, জেলা প্রশাসক কার্যালয়ের ওয়েব লিংক এবং সমাপ্ত প্রকল্পসমূহের ছবিসহ প্রতিবেদন ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ হালনাগাদ রাখা প্রয়োজন।

২। জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্কভুক্ত প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ ও পাসওয়ার্ড ব্যবস্থাপনায় স্ব-স্ব প্রতিষ্ঠান দায়িত্ব পালন করে থাকে। জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত ওয়েবসাইট হালনাগাদকরণের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের অসতর্কতাসহ নানাবিধ কারণে ওয়েব এডমিন (Web admin) পাসওয়ার্ড ও আইডি অনুপ্রবেশে সংক্রান্ত ঘটনার উদ্ভব হওয়ার আশংকা রয়েছে। উল্লেখ্য, ওয়েবসাইটসমূহের কাঠামো তৈরি, দক্ষতা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের বিষয়টি এটুআই এর ব্যবস্থাপনায় সম্পাদিত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ইউজার আইডি ও পাসওয়ার্ডের নিরাপত্তা, কন্টেন্ট হালনাগাদ ও আপলোডের দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানের সাইট এডমিনের উপর ন্যস্ত।

৩। নিজ নিজ দপ্তরের তথ্য বাতায়নের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণ ও অনুপ্রবেশের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে নিজ দপ্তরের তথ্য বাতায়নের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরিভিত্তিতে সকল সাইট এডমিনদের স্ট্রং পাসওয়ার্ড (অবশ্যই Alpha-numeric), টু-ফ্যাক্টর অথেন্টিফিকেশন ব্যবহার এবং নির্দিষ্ট সময় অন্তর (অন্তত মাসে একবার) পাসওয়ার্ড পরিবর্তন করা প্রয়োজন।

৪। তথ্য অধিকার আইন বাস্তবায়ন অবেক্ষন (সুপারভিশন) ও পরিবীক্ষন সংক্রান্ত বিভাগীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সকল সরকারি দপ্তরের সিটিজেন চার্টার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

৫। এমতাবস্থায় আপনার ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে **ইউপি চেয়ারম্যান, বর্তমান পরিষদ, কর্মকর্তা, ইউপি সচিব ও হিসাব সহকারীর তথ্য, উদ্যোক্তা প্রোফাইল, গ্রাম-পুলিশগনের প্রোফাইল, বাজেট, বার্ষিক ক্রয় পরিকল্পনা, প্রকল্পসমূহের তালিকা, এলজিএসপি প্রকল্প তালিকা, জেলা প্রশাসক কার্যালয়ের ওয়েব লিংক এবং সমাপ্ত প্রকল্পসমূহের ছবিসহ প্রতিবেদন, ব্যানারের ছবি** ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ হালানাগাদ, **সাইবার নিরাপত্তা জোরদারকরণ** ও সিটিজেন চার্টার প্রস্তুত করে দৃশ্যমান স্থানে স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা।

২৮/০৩/২০২৫
(রাজ কুমার বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
unosundarganj@mopa.gov.bd
ফোনঃ ০২৫৮৯৯৮৩৮০২

১। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা
২। ইউপি প্রশাসনিক কর্মকর্তা,.........ইউনিয়ন পরিষদ (সকল) (ওয়েবপোর্টাল হালনাগাদ নিশ্চিতকরণের জন্য বলা হলো)

অনুলিপি সদয় অবগতি/ অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
৩। সিএ টু ডিসি, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.১৮

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত সাইটসমূহের সাইবার নিরাপত্তা ও প্রোফাইল আপডেট।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্কভুক্ত প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ ও পাসওয়ার্ড ব্যবস্থাপনায় স্ব-স্ব প্রতিষ্ঠান দায়িত্ব পালন করে থাকে। জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত ওয়েবসাইট হালনাগাদকরণের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের অসতর্কতাসহ নানাবিধ কারণে ওয়েব এডমিন (Web admin) পাসওয়ার্ড ও আইডি অনুপ্রবেশে সংক্রান্ত ঘটনার উদ্ভব হওয়ার আশংকা রয়েছে। উল্লেখ্য, ওয়েবসাইটসমূহের কাঠামো তৈরি, দক্ষতা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের বিষয়টি এটুআই এর ব্যবস্থাপনায় সম্পাদিত হলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ইউজার আইডি ও পাসওয়ার্ডের নিরাপত্তা, কন্টেন্ট হালনাগাদ ও আপলোডের দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানের সাইট এডমিনের উপর ন্যস্ত।

০২। এ পেক্ষিতে ওয়েবসাইটসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরিভিত্তিতে সকল সাইট এডমিনদের স্ট্রং পাসওয়ার্ড (অবশ্যই Alpha-numeric), টু-ফ্যাক্টর অথেন্টিফিকেশন ব্যবহার এবং নিদিষ্ট সময় অন্তর (অন্তত মাসে একবার) পাসওয়ার্ড পরিবর্তন করা বাঞ্ছনীয়।

০৩। এমতাবস্থায়, জাতীয় তথ্য বাতায়নের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণ ও অনুপ্রবেশের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত ওয়েবসাইটসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরিভিত্তিতে সকল সাইট এডমিনদের স্ট্রং পাসওয়ার্ড (অবশ্যই Alpha-numeric), টু-ফ্যাক্টর অথেন্টিফিকেশন ব্যবহার এবং নিদিষ্ট সময় অন্তর (অন্তত মাসে একবার) পাসওয়ার্ড পরিবর্তনে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫-০২-২০২৫
শেখ জোবায়ের আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
০২২২৩৩৫৮৭৫৩ (ফোন)
৯৫১৩৩০২ (ফ্যাক্স)
eg_sec1@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।

তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.১৮/১ (৫)

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।

৪। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৫-০২-২০২৫
শেখ জোবায়ের আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৫

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স" –এর নির্বাহী কমিটির ১২তম সভায় 'জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে' মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ 'তথ্য বাতায়নের মেইন মেনুর আওতাধীন সাবমেনুসমূহ; সেবা বক্সের সকল লিংক; সকল কর্মকর্তার মোবাইল নম্বর ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করতে হবে' মর্মে উল্লেখ রয়েছে।

৩। কিন্তু মন্ত্রণালয়/বিভাগসহ তাঁর আওতাধীন অফিসসমূহের-এর ওয়েব পোর্টালগুলি যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করা না হলে একদিকে যেমন সেবা গ্রহীতাগণ কাঙ্খিত সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে অন্য দিকে এ পর্যন্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অর্জিত সুনাম ক্ষুন্ন হবে মর্মে প্রতীয়মান হয়।

৪। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশিকার আলোকে তাঁর মন্ত্রণালয়/বিভাগ-এর ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদকরণসহ আওতাধীন দপ্তর সংস্থার ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-৯-২০২২
তৌহিদুল ইসলাম
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৮৭৫৩
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: eg_sec1@cabinet.gov.bd

সিনিয়র সচিব / সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৫/১(৫)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
২) যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ